1 মে, 2020

প্রিয় পিতা-মাতাগণ/অভিভাবকবৃন্দ এবং পরিবারবৃন্দ,

কোভিড-19 এর বিস্তার বন্ধ করার প্রচেষ্টার অংশ হিসেবে, অন্টারিওতে সরকারী-তহবিলপ্রাপ্ত সকল স্কুলের বন্ধ রাখার মেয়াদটি কমপক্ষে 31 মে, 2020 তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। যদিও এই বন্ধের সম্প্রসারণ সমস্যাবহুল এবং হতাশাজনক, তারপরেও আমি আপনাদের ধন্যবাদ জানানোর জন্য এই সুযোগটি গ্রহণ করতে চাই এবং স্বীকার করতে চাই যে পিতা-মাতা ও পরিবারগুলোকে শিক্ষার ক্ষেত্রে অংশীদার হিসেবে পেয়ে আমরা কত কৃতজ্ঞ।

আমরা জানি যে এই সময়ে আপনারা সম্ভবত অতিরিক্ত দায়িত্বসমূহের সম্মুখীন হচ্ছেন আর তার পাশাপাশি দূরবর্তী শিক্ষণে (Remote learning) আপনাদের সন্তান(দের)কে সাহায্য করাটি সহজ কাজ নয়। এই অভিজ্ঞতাটি সবার জন্যই নতুন। আমরা একত্রে প্রতিদিনই শিখছি। এই কাজটি করার সাথে সাথে, আমি পিতা-মাতাগণ ও পরিবারগুলোকে দৃঢ়ভাবে বলতে চাই যে এই অস্বাভাবিক পরিস্থিতিতে আমরা এমন আশা করি না যে শিক্ষার্থীরা পূর্ণ দিবস স্কুলে অংশগ্রহণ করবে বা যে শিক্ষকদের দ্বারা প্রদানকৃত শিক্ষণের সুযোগ-সুবিধাসমূহ প্রতিদিনের সাধারণ বাস্তব শ্রেণীকক্ষের প্রতিরূপ হবে।

পরিবারগুলোর কাছে তার সাম্প্রতিকতম চিঠিতে, শিক্ষা মন্ত্রী বা মিনিস্টার অব এডুকেশন, স্টেফেন লীচে (Stephen Lecce) দূরবর্তী শিক্ষণ এবং একটি প্রদত্ত সপ্তাহে শিক্ষার্থীদের কার্যকলাপের-সময় সম্পর্কিত প্রত্যাশাসমূহ সম্বন্ধে আরো তথ্য প্রদান করেছেন। আমাদের টিডিএসবির (TDSB) শিক্ষকগণ বিভিন্ন উপায়ে এই প্রত্যাশাসমূহ পূরণ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। আমাদের ইউনিয়নের অংশীদারদের সাথে একত্রে, আমরা কিভাবে শিক্ষকগণ শিক্ষার্থীদের সাথে সম্পর্ক বজায় রাখার জন্য অনলাইন শিক্ষণ সংক্রান্ত প্লাটফর্মসমূহ ব্যবহার করছেন তা অন্বেষণ করার উপায়গুলো খুঁজছি যাতে করে আমরা তাদেরক আরো ভালো করে সাহায্য করতে পারি।

শিক্ষকগণ শিক্ষার্থী ও পরিবারগুলোর সাথে তাদের চাহিদাসমূহ এবং শ্রেণীর প্রত্যেক শিক্ষার্থীর চাহিদাসমূহ মেটানোর জন্য যোগাযোগ করবেন। এটি শ্রেণী থেকে শ্রেণী, শিক্ষক থেকে শিক্ষক এবং স্বতন্ত্র শিক্ষার্থী ও পরিবারগুলোর ক্ষেত্রে ভিন্ন প্রতীয়মান হবে। আমাদের শিক্ষার্থী ও পরিবারগুলোর বিভিন্ন পরিস্থিতি এবং অভিজ্ঞতাসমূহকে আমাদের বিবেচনা ও উপলব্ধি করা প্রয়োজন। আমাদের শিক্ষার্থীদের বাড়িতে শিক্ষণের পরিবেশ অনন্য ও উপলভ্য সাহায্যের স্তরও বিভিন্ন। যা এখন সবচেয়ে গুরুত্বপূর্ণ তা হল যে আমাদের সকল শিক্ষার্থীকে নিযুক্ত করতে থাকা এবং শিক্ষার্থী, কর্মচারী ও পরিবারগুলোর স্বাস্থ্য এবং কল্যাণের উপর মনোযোগ নিবদ্ধ করা এবং বাড়িতে শিক্ষণের ব্যাপারে সাহায্য করা।

আগামীর দিকে তাকিয়ে, আমরা চাই আপনাকে বিভিন্ন ক্ষেত্রে হালনাগাদ প্রদান করে আগামী দিন ও সপ্তাহগুলির জন্য পরিকল্পনা করতে আপনাকে সাহায্য করতে। অনুগ্রহ করে শিক্ষক ও আপনার কমিউনিটির সাথে যোগাযোগ করুন এবং একে অপরের সাথে সংযোগ স্থাপন করুন। অনুগ্রহ করে ভালো থাকুন এবং নিজের ও আপনার পরিবারের যত্ন নিন। আমরা এটিতে একত্রে রয়েছি!

- পিতা-মাতাগণ/পরিবারবৃন্দের জন্য শিক্ষণ অধিবেশনসমূহ
- কল্যাণ এবং শিক্ষার্থীর সম্পৃক্ততা

Toronto District School Board

- শিক্ষার্থীর কৃতির এবং কল্যাণে সাহায্য করা, মূল্যায়ন করা এবং প্রতিবেদন করা
- আপনার মতামত জানান
- বিশেষ শিক্ষা দূরবর্তী (স্পেশাল এডিকেশন রিমোট) আইপিআরসি (IPRC)/এসইপিআরসি (SEPRC)/ আইপি(IEP)
- স্নাতক ডিগ্রীর অনুষ্ঠান, শিক্ষার্থীদের আনুষ্ঠানিক নাচ (প্রমস) এবং অন্যান্য ঘটনাবলী
- গ্রীষ্মকালীন শিক্ষণের সুযোগসমূহ বা সামার লার্নিং অপরচুনিটিজ
- পরিবারবৃন্দের জন্য ফ্রেঞ্চ এজ এ্যা সেকেন্ড ল্যাঙ্গুয়েজ (এফএসএল – FSL)-এর তথ্য-সম্পদসমূহ

## পিতা-মাতা/পরিবারবৃন্দের জন্য শিক্ষার নতুন অধিবেশন বা সেশনসমূহ

কিছু কিছু পরিবারের জন্য অনলাইন দূরবর্তী শিক্ষণের বিষয়টি নতুন এবং আমরা আপনাকে এই নতুন শিক্ষণের পরিবেশটি সঠিকভাবে পরিচালনা করায় সাহায্য করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। প্রধান প্লাটফর্মগুলোর মধ্যে: ব্রাইটস্পেইস (Brightspace) এবং গুগল ক্লাশরুম (Google Classroom) দুটির সাধারণ একটি পর্যালোচনা প্রদান করার জন্য শিক্ষণের বিশেষ অধিবেশনসমূহ সহজলভ্য।

ব্রাইটস্পেইস লার্নিং প্লাটফর্মের পরিচিতি

এই অধিবেশনটি ব্রাইটস্পেইস লার্নিং প্লাটফর্মের পরিচিতি দেবে এবং এর অন্তর্ভুক্ত থাকবে: কিভাবে এটি অভিগমন করতে হয়, কিভাবে লগ ইন করতে হয় এবং এটি শিক্ষক ও শিক্ষার্থীদের দ্বারা ব্যবহৃত মূল উপাদানসমূহের কিছু কিছু বৈশিষ্ট্য তুলে ধরবে। একটি অধিবেশনে যোগদান করার জন্য, এ যেতে হবে এবং যথাযথ লিঙ্কটিতে ক্লিক করতে হবে।

- সোমবার, 4 মে, বিকাল 3টা
- মঙ্গলবার, 5 মে, সন্ধ্যা 7টা

গুগল ক্লাশরুমের পরিচিতি

এই অধিবেশনটি গুগল ক্লাশরুমের পরিচিতি দেবে এবং এর অন্তর্ভুক্ত থাকবে: কিভাবে অভিগমন এটি করতে হয়, কিভাবে লগ ইন করতে হয় এবং এটি শিক্ষক ও শিক্ষার্থীদের দ্বারা ব্যবহৃত মূল উপাদানসমূহের কিছু কিছু বৈশিষ্ট্য তুলে ধরবে। একটি অধিবেশনে যোগদান করার জন্য, এ যেতে হবে এবং যথাযথ লিঙ্কটিতে ক্লিক করতে হবে।

- মঙ্গলবার, 5 মে, বিকাল 3টা
- বুধবার, 6 মে, সন্ধ্যা 7টা

## কল্যাণ এবং শিক্ষার্থীর সম্পৃক্ততা

আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার হচ্ছে সকল শিক্ষার্থী, কর্মচারী এবং পিতা-মাতা/পরিবারগুলোকে মানসিক স্বাস্থ্য ও কল্যাণে সাহায্য করা এবং উন্নতিসাধন করা। স্কুলের কর্মচারীগণ সম্পর্কসমূহ বজায় রাখা চালিয়ে

যাবেন এবং তারা দূরবর্তী শিক্ষণ প্রদান করার সময় শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য ও কল্যাণের উপর মনোযোগ নিবদ্ধ করবেন। শিক্ষকগণ শিক্ষার্থীদের সাথে সংযোগ স্থাপন ও তাদের সম্পৃক্ত করানোর জন্য বহুমুখী সৃজনশীল পদ্ধতি ব্যবহার করেন।

## শিক্ষার্থীর কৃতির এবং কল্যাণে সাহায্য করা, মূল্যায়ন করা এবং প্রতিবেদন তৈরি করা

এটি সকলের জন্য একটি সমস্যাবহুল সময় যখন আমরা শিক্ষার্থীদের সাফল্যের বিন্যাসের জন্য নীতিসমূহ নির্ধারন করতে সম্মিলিতভাবে কাজ করছি। আমরা উপলদ্ধি করে যে এমন অনেক অসমতা আমাদের ব্যবস্থাটির মধ্যে বিদ্যমান যা শিক্ষার্থীর শিক্ষণ ও অর্জনের ওপর প্রভাব ফেলে। এর মধ্যে রয়েছে তথ্যপ্রযুক্তির প্রাপ্যতা, তথ্য-সম্পদসমূহের সহজলভ্যতা, অনলাইনের উপযোগসমূহের বা অনলাইন অ্যাপ্লিকেশনসের সাথে পরিচিতি এবং শিক্ষণের জন্য সাহায্য। শিক্ষকগণ এই সমস্যাসমূহ মাথায় রাখবেন যখন তারা সকল শিক্ষার্থীদের সাহায্য করবেন এবং অর্থপূর্ণ শিক্ষণের সুযোগ-সুবিধাসমূহ প্রদান করবেন যা অন্টারিওর পাঠ্যক্রমের সাথে সংযুক্ত, যা জুন মাসে বছরের-শেষ প্রতিবেদনকে পরিচালনা করবে।

এটি আমাদের প্রতিশ্রুতি যে সকল শিক্ষার্থীর ক্ষেত্রে মূল্যায়ন, নির্ধারণ এবং প্রতিবেদন ন্যায্য, স্বচ্ছ ও ন্যায়সঙ্গত হবে এবং শিক্ষণ ও উন্নয়ন বৃদ্ধির ওপর মনোযোগ নিবদ্ধ থাকবে। যথারীতি, যদি আপনার কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকে, অনুগ্রহ করে আপনার সন্তানের শিক্ষক ও/বা প্রশাসনের সাথে যোগাযোগ করুন। অনুগ্রহ করে প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষার্থীর মূল্যায়ন ও প্রতিবেদন সম্পর্কে আরো তথ্য এবং সুনির্দিষ্ট বিস্তারিতের জন্য প্যারেন্ট/ফ্যামিলি অ্যাসেসমেন্ট নিউজলেটার (parent/family assessment newsletter) পড়ুন।

## স্নাতক ডিগ্রীর অনুষ্ঠান, শিক্ষার্থীদের আনুষ্ঠানিক নাচ (প্রমস) এবং অন্যান্য ঘটনাবলী

যেমনটি 14 এপ্রিল তারিখের চিঠিতে জানানো হয়েছে, স্কুল শিক্ষাবর্ষের অবশিষ্ট সময়ের জন্য সকল শিক্ষা সফর এবং রাত্রি কালীন সফরসমূহ বাতিল করা হয়েছে। আমরা আশা করেছিলাম যে এই বছর শিক্ষার্থীদের আনুষ্ঠানিক নাচ (প্রমস), স্নাতক ডিগ্রীর অনুষ্ঠান এবং অন্যান্য ঘটনাবলী সম্পাদন করা সম্ভব হবে, কিন্তু সাম্প্রতিক খবর এই যে স্কুলসমূহ কমপক্ষে 31 মে তারিখ পর্যন্ত বন্ধ থাকবে, তাই এটি সম্ভব নয়। দুঃখজনকভাবে, আমাদের কমপক্ষে শিক্ষাবর্ষটির শেষ পর্যন্ত এই ঘটনাবলী বাতিল বা স্থগিত করতে হয়েছে। যেহেতু অনেক কিছুই এখনও অজানা, তাই স্থানীয় পরিস্থিতিসমূহের উপর ভিত্তি করে, স্কুল পর্যায়েই স্থগিত ঘটনাবলীর পুনঃসময়সূচি নির্ধারণটি পরিচালনা করা হবে। অনুগ্রহ করে লক্ষ্য করুন যে সকল ছাত্রবৃত্তি বা স্কলারশীপসমূহ সাধারণত স্নাতক ডিগ্রীর অনুষ্ঠানসমূহে প্রদান করা হতো সেগুলি প্রদান হতে থাকবে, তবে আনুষ্ঠানিক স্বীকৃতি পরে কোনও সময় দেওয়া হবে।

## আপনার মতামত জানান

আমরা দূরবর্তী শিক্ষণের প্রথম মাসের শেষে এসেছি, আমরা আপনার মতামত জানতে চাই। কী কী ভালোভাবে কাজ করেছে? কী কী ভালোভাবে কাজ করেনি? আপনার পরামর্শগুলো কী কী? দূরবর্তী শিক্ষণে আপনার সন্তানের অভিজ্ঞতাসমূহ সম্পর্কে আপনার ভাবনাগুলো জানানোর জন্য কয়েক মিনিট সময় দিন। আপনার মতামত গুরুত্বপূর্ণ কারণ আমরা আমাদের শিক্ষার্থী এবং পরিবারগুলোর প্রয়োজনসমূহ আরও ভালোভাবে বোঝার চেষ্টা করছি। এই থটএক্সচেইঞ্জ (ThoughtExchange)-এর কথোপকথনটিতে আপনার মতামত যোগ করার জন্য আমাদের সাথে যোগ দিন।

Toronto District School Board

## গ্রীষ্মকালীন শিক্ষণের সুযোগসমূহ

সারা গ্রীষ্মকালে শিক্ষণ চালিয়ে যাওয়ার জন্য বেশ কিছু বিকল্প খুঁজে দেখা হচ্ছে। অনুগ্রহ করে অতিরিক্ত তথ্যের জন্য নিচে দেখুন এবং আসন্ন সপ্তাহগুলোতে আরও বিস্তারিত প্রদান করা হবে।

**হাইব্রিড এলিমেন্টারি সামার স্কুল রিমোট লার্নিং (Hybrid Elementary Summer School Remote Learning)**

সারা জুলাই মাসে শিক্ষার্থীদের শিক্ষণের ফাঁকসমূহ তুলে ধরার জন্য দূরবর্তী প্রাথমিক গ্রীষ্মকালীন স্কুলের পরিকল্পনাসমূহ চলছে। আসন্ন সপ্তাহগুলোতে অতিরিক্ত বিস্তারিত এলিমেন্টারি সামার স্কুল ওয়েব পেইজ এ উপলভ্য হবে।

*বিঃদ্রঃ এই কর্মসূচিটিকে "শঙ্কর বা "হাইব্রিড" বলা হয় কারণ এটি মিনিস্ট্রি অব এডুকেশনের নির্দেশনা অনুসারে অনলাইন এবং ক্লাশে শিক্ষণের (ইন-ক্লাশ লার্নিং) পরিবেশসমূহকে অন্তর্ভুক্ত করতে পারে।*

**রিমোট সামার ক্রেডিট রিকোভারি (সেকেন্ডারি)**

কন্টিনিউইং এডুকেশন ডিপার্টমেন্ট টিডিএসবির মাধ্যমিক শিক্ষার্থীদের জন্য জুলাই 6-31 পর্যন্ত রিমোট ক্রেডিট রিকোভারি প্রোগ্রাম প্রদান করবে। এই কর্মসূচিটি 2020 সালের সামনা-সামনি বা ফেইস-টু-ফেইস গ্রীষ্মকালীন স্কুল বা সামার স্কুলকে প্রতিস্থাপন করবে এবং আবশ্যিক কোর্সগুলোতে মনোযোগ নিবদ্ধ করা সহ 9ম শ্রেণী থেকে 12শ শ্রেণী পর্যন্ত সকল বিষয়ের ক্ষেত্রসমূহে পাঠ্যক্রম বা কোর্সগুলো অন্তর্ভুক্ত করবে। আরও তথ্যের জন্য আসন্ন সপ্তাহগুলোতে সামার স্কুল ওয়েব পেইজ টিতে যান।

**হাইব্রিড রিমোট সামার ক্রেডিট প্রোগ্রাম (সেকেন্ডারি)**

কন্টিনিউইং এডুকেশন ডিপার্টমেন্ট টিডিএসবির মাধ্যমিক শিক্ষার্থীদের জন্য জুলাই 6-31 পর্যন্ত রিমোট সামার লার্নিং ক্রেডিট প্রোগ্রাম প্রদান করবে। এই কর্মসূচিটি 2020 সালের সামনা-সামনি বা ফেইস-টু-ফেইস গ্রীষ্মকালীন স্কুল বা সামার স্কুলকে প্রতিস্থাপন করবে এবং আবশ্যিক কোর্সগুলোতে মনোযোগ নিবদ্ধ করা সহ 9ম শ্রেণী থেকে 12শ শ্রেণী পর্যন্ত সকল বিষয়ের ক্ষেত্রসমূহে কোর্সগুলো অন্তর্ভুক্ত করবে। আরও তথ্যের জন্য আসন্ন সপ্তাহগুলোতে সামার স্কুল ওয়েব পেইজ টিতে যান।

*বিঃদ্রঃ এই কর্মসূচিটিকে "শঙ্কর বা "হাইব্রিড" বলা হয় কারণ এটি মিনিস্ট্রি অব এডুকেশনের নির্দেশনা অনুসারে অনলাইন এবং ক্লাশে শিক্ষণের (ইন-ক্লাশ লার্নিং) পরিবেশসমূহকে অন্তর্ভুক্ত করতে পারে।*

**ই-সামার প্রোগ্রাম (e-Summer Program)**

ই-সামার কর্মসূচিটি জুলাই ও আগস্ট মাসে চলবে যেমন পূর্ববর্তী বছরে হয়েছে এবং টিডিএসবির শিক্ষার্থীদের জন্য কোর্সগুলোতে নাম তালিকাভুক্তিকরণ এপ্রিল মাসের প্রথম দিকে শুরু হয়েছে। কোর্সগুলো সব পূর্ণ-ক্রেডিটের এবং 11শ ও 12শ শ্রেণীর কোর্সগুলো এবং 10ম শ্রেণীর পৌরবিজ্ঞান বা সিভিকস ও কেরিয়ার স্টাডিজকে অন্তর্ভুক্ত করে। টিডিএসবির শিক্ষার্থী নন এমন শিক্ষার্থীরা আগস্ট মাসে যে কোর্সগুলো চলবে সেগুলোর জন্য জুন মাসে নাম তালিকাভুক্ত করা শুরু করতে পারবেন। কোর্সগুলো এবং নাম তালিকাভুক্তিকরণ প্রক্রিয়া সম্পর্কে সম্পূর্ণ তথ্য ই-লার্নিং ওয়েবসাইট (e-Learning website) বর্ণনা করা রয়েছে।

**স্পেশাল এডুকেশন রিমোট সামার স্কুল (Special Education Remote Summer School)**
বিশেষ শিক্ষার শিক্ষার্থীদের জন্য গ্রীষ্মকালীন স্কুল বা সামার স্কুল দূরবর্তীভাবে চলতে থাকবে। সেকেন্ডারি ডিএইচএইচ (Secondary DHH)-এর শিক্ষার্থীগণ তাদের সেকেন্ডারি ক্রেডিট কোর্সগুলো গ্রহণ করতে সক্ষম হবে। আমরা 1ম-8ম শ্রেণীর শিক্ষার্থীদেরও গ্রীষ্মকালীন ডিএইচএইচ স্কুল (DHH summer school) প্রদান করবো। সেকেন্ডারি সিটিসিসি সামার স্কুলও (Secondary CTCC Summer School) চলতে থাকবে যাতে করে শিক্ষার্থীরা সামার ক্রেডিটসমূহ গ্রহণ করতে পারে।

1ম-12শ শ্রেণীর উন্নয়নমূলক প্রতিবন্ধীতাসমূহ বা ডেভেলপমেন্টাল ডিজঅ্যাবিলিটিজ সম্পন্ন শিক্ষার্থীদের জন্যও গ্রীষ্মকালীন স্কুল প্রদান করা হবে। শিক্ষকগণ ইতোমধ্যে প্রতিষ্ঠিত দূরবর্তী শিক্ষণটি চালিয়ে যাবেন এবং শিক্ষার্থী ও পরিবারগুলোকে শিক্ষণের আরো সুযোগ-সুবিধাসমূহ দিয়ে সাহায্য করবেন।

## স্পেশাল এডুকেশন রিমোট আইপিআরসি/এসইপিআরসি/আইইপি (Special Education Remote IPRC/SEPRC/IEP)

মন্ত্রণালয় বা মিনিস্ট্রি তাদের সাম্প্রতিক কন্টিনিউটি অব লার্নিং ফর স্টুডেন্টস উইথ স্পেশাল নীডস এন্ড মেন্টাল হেলথ সাপোর্টস (Continuity of Learning for Students with Special Education Needs and Mental Health Supports) এর স্মারকে বিশেষ শিক্ষা চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের সাহায্যার্থে আরো দিক-নির্দেশনা প্রদান করেছে।

বর্তমান নজিরবহীন দূরবর্তী পরিস্থিতিসমূহের কারণে ব্যবস্থাটির জরুরি প্রয়োজন পূরণ করা নিশ্চিত করার জন্য আইপিআরসি (IPRC) এবং এসইপিআরসিসমূহকে (SEPRCs) অগ্রাধিকার প্রদান করা হয়েছে।

**অগ্রাধিকার সম্পন্ন আইপিআরসি এবং এসইপিআরসিসমূহ:**

- সিনিয়র কিন্ডারগার্টেনের শিক্ষার্থীগণের ডায়াগনস্টিক কিন্ডারগার্টেন (ডিকে - DK) থেকে প্রস্থান করা;
- কিন্ডারগার্টেন ইন্টারভেনশন প্রোগ্রাম (কেআইপি – KIP) থেকে প্রস্থান করা সকল শিক্ষার্থী যাদের জন্য আইএসপি (ISP)
  বিবেচনা করা হচ্ছে;
- বর্তমানে স্পেশাল এডুকেশন ইন্টেনসিভ সাপোর্ট প্রোগ্রাম (আইএসপি - ISP)-এর শিক্ষার্থীগণ যাদের রূপান্তর বা ট্র্যানজিশন প্রয়োজন তাদের জন্যই লেভেল 2 অ্যানুয়্যাল আইপিআরসি রিভিইউ
  কারণ তারা স্কুল থেকে স্কুলে স্থানান্তর করছে;
- এসইপিআরসি-এর বিবেচনাটি কেবলমাত্র গুরুত্বর জটিল চিকিৎসা-সংক্রান্ত প্রয়োজন সম্পন্ন শিক্ষার্থীদের জন্য;
- সিটিসিসি কর্মসূচিসমূহ থেকে ফেরত আসা শিক্ষার্থীদের জন্য;
- 3য় শ্রেণীর শিক্ষার্থীগণ যাদের 4র্থ শ্রেণীর গিফটেড আইএসপির জন্য বিবেচনা করা হয় (কেবলমাত্র টিডিএসবিতে তালিকাভুক্ত শিক্ষার্থীরা; এই শ্রেণীবিভাগের জন্য কোনো এসইপিআরসি নয়)।

আইপিআরসিসমূহ ওয়েবএক্স (Webex) বা টেলিফোনে সম্মিলিত কথোপকথনের (টেলিকনফারেন্স - teleconference) মাধ্যমে দূরবর্তীভাবে অনুষ্ঠিত হবে। পিতা-মাতা/অভিভাবকদের সাথে কাগজ-পত্র সম্পর্কিত যে কোনো ইমেইল যোগাযোগ যাতে শিক্ষার্থী সম্পর্কে গোপনীয় তথ্য রয়েছে ইমেইলের মাধ্যমে সেই সকল তথ্য প্রেরণ করার পূর্বে পিতা/মাতাদের সম্মতির প্রয়োজন হবে। তথ্যের সুরক্ষা নিশ্চিত করার জন্য এবং গোপনীয়তার লঙঘন প্রতিরোধ করার জন্য, শিক্ষার্থীর ব্যক্তিগত তথ্য ধারণকারী ইমেইল যোগাযোগটি এনক্রিপ্ট করা হবে ও পাসওয়ার্ড দ্বারা সুরক্ষিত থাকবে। বিষয় সম্পর্কিত লাইনে ইমেইলটি "কনফিডেন্সিয়াল বা CONFIDENTIAL" শব্দটি অন্তর্ভুক্ত করবে এবং পিতা-মাতা/পরিচর্যাকারীগণ ইমেইলটি পেয়েছেন কিনা তা নিশ্চিত করার জন্য একটি রিড রিসিট বা প্রাপ্তি রশিদ অন্তর্ভুক্ত করবে।

## পরিবারবৃন্দের জন্য ফ্রেঞ্চ এজ এ্যা সেকেন্ড ল্যাঙ্গুয়েজ (এফএসএল – FSL)-এর তথ্য-সম্পদসমূহ

এই সপ্তাহে, ফ্রেঞ্চ এজ এ্যা সেকেন্ড ল্যাঙ্গুয়েজ কর্মসূচির শিক্ষার্থীদের পিতা/মাতা, অভিভাবক ও পরিবারগুলোর জন্য এফএসএল ডিপার্টমেন্ট এফএসএল রিসোর্সেস ফর ফ্যামিলিজ গুগল সাইট আরম্ভ করেছে। এই স্থান বা সাইটটি পথ-নির্দেশনা সম্পর্কিত নীতিমালা, এফএসএল কর্মসূচিসমূহে দূরবর্তী শিক্ষণের বিবেচনাসমূহ, তথ্য-সম্পদসমূহের লিঙ্কসমূহ, বাড়িতে কিভাবে সহায়তা করতে হয় এবং অন্যান্য আরো তথ্য সহ দূরবর্তী শিক্ষাণের সময় শিক্ষার্থীদের কিভাবে সাহায্য করতে হয় সে সম্পর্কে তথ্য প্রদান করে।

## মিনিস্ট্রি অব এডুকেশন এবং টরন্টো পাবলিক হেলথের হালনাগাদসমূহ (Ministry of Education and Toronto Public Health Updates)

এই সপ্তাহের ঘোষণা যা স্কুল বন্ধ-থাকার মেয়াদটি কমপক্ষে 31 মে, 2020 তারিখ পর্যন্ত বাড়ানো হবে তার সাথে, মিনিস্ট্রি অব এডুকেশন এবং টরন্টো পাবলিক হেলথও পিতা-মাতা/পরিবারগুলোকে এই সপ্তাহে চিঠি পাঠিয়েছে। অনুগ্রহ করে হালনাগাদসমূহ এখানে পড়ুন: মিনিস্ট্রি অব এডুকেশন লেটার (Ministry of Education Letter) এবং টরন্টো পাবলিক হেলথ লেটার (Toronto Public Health Letter)।

## সর্বশেষ বক্তব্য

শিক্ষণের ধারাবাহিকতাকে সাহায্য করতে আপনারা যা করছেন তার জন্য আবারো সবাইকে ধন্যবাদ জানাই। বাড়ি ও স্কুলের মধ্যকার শক্তিশালী অংশীদারিত্বটি এখন আগের চেয়েও গুরুত্বপূর্ণ। আপনার সন্তান(দের)কে নিযুক্ত রাখার জন্য এবং স্কুল এবং শিক্ষকদের সাথে সংযুক্ত থাকার জন্য আপনি যা যা করতে পারেন তা উল্লেখযোগ্যভাবে ইতিবাচক প্রভাব ফেলবে। এই পরিস্থিতিতে আমরা সবাই আমাদের যথাসাধ্য করছি এবং আমরা তাই আপনার প্রচেষ্টাগুলোর প্রশংসা করি।

আমি আমাদের শিক্ষার্থীদের কথাও উল্লেখ করতে চাই এবং এই পরিবর্তনের মধ্যে তাদের কঠোর পরিশ্রম ও সহনশীলতাকে স্বীকার করতে চাই। দূরবর্তী শিক্ষণে রূপান্তরটি সবার ক্ষেত্রে সমন্বয়সাধনকারী এবং শিক্ষার্থীরা যেটিতে অভ্যস্ত তার থেকে এটি একটি ভিন্নধরনের শিক্ষণ পদ্ধতি। আমি শিক্ষার্থীদের এই সমস্যাবহুল পরিস্থিতি সফলভাবে কাটিয়ে ওঠা ও এই পরিস্থতিসমূহে অকল্পনীয় প্রতিশ্রুতি এবং সৃজনশীলতা প্রদর্শন করা সম্পর্কে আমাদের স্কুল ও শিক্ষকদের কাছ থেকে চমৎকার সব গল্প শুনেছি। এটি আমাদের টিডিএসবি জুড়ে যে চমৎকার শিক্ষার্থী এবং পরিবারগুলো রয়েছে তারই একটি প্রমাণ। আমি সবার জন্য খুবই গর্বিত এবং আমি জানি যে একত্রে কাজ করার মাধ্যমে আমরা এই কঠিন সময়টি

অতিক্রম করবোই।

সর্বশেষে যে কথাটি আমি আপনাদের সাথে ভাগ করে নিতে চাই তা হলো একটি সহজ আশ্বাস যে আমরা ইতোমধ্যেই স্কুলে চূড়ান্তভাবে ফেরত আসা সম্পর্কে আমরা ভাবছি এবং যতটা ভালোভাবে সম্ভব পরিকল্পনা করছি। যদিও আমরা এখনও জানি না যে কখন সেটি হবে, তাও এটি গুরুত্বপূর্ণ ও প্রয়োজনীয় যে যথাযথ স্বাস্থ্য ও নিরাপত্তা এবং অন্যান্য ব্যবস্থাসমূহ জায়গামত রয়েছে কিনা তা সুনিশ্চিত করার জন্য আমরা টরন্টো পাবলিক হেলথ এবং মিনিস্ট্রি অব এডুকেশনের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করি। আবারো বলছি, এটি সবার জন্যই একটি নতুন ও অচিহ্নিত অঞ্চল এবং আমরা পাবলিক হেলথ কর্মচারীদের প্রয়োজনীয় নির্দেশনা এবং কর্মচারী ও অন্যদের মূল্যবান মতামত নিয়ে এটি সামলাবো।

অনুগ্রহ করে নিরাপদ এবং সুস্থ থাকুন।

বিনীত,

John Malloy
Director of Education